

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁর নিজ রাজ্য ওড়িশায় ছয় দিনের সফরে থোরধা, জাজপুর, বালাসোর, পুরী এবং ময়ূরভঞ্জ জেলা জুড়ে একাধিক সরকারী, একাডেমিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেবেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী কয়েকদিন ধরে ওড়িশায় ধর্মীয়, শিক্ষাগত এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডের একটি ধারাবাহিক আয়োজন করবেন। আজ রাষ্ট্রপতি জাজপুরের মা বিরজা মন্দিরে প্রার্থনা করবেন এবং নবগয়াতে ধর্মীয় অনুষ্ঠান করবেন। পরে তিনি বালাসোরের ফকির মোহন বিশ্ববিদ্যালয়ের দ্বাদশ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন। সন্ধ্যায়, রাষ্ট্রপতি মুর্মু শ্রী জগন্নাথ মন্দিরে দর্শনের জন্য পুরী যাবেন। আগামীকাল রাষ্ট্রপতি তার নিজ জেলা ময়ূরভঞ্জ সফর করবেন।

Budget discussion :

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাব নিয়ে গতকাল লোকসভায় আলোচনা হয়। আলোচনার জন্য মোট ১৮ ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছিল। গতকাল নিম্নকক্ষে প্রস্তাবটি উত্থাপন করে কেন্দ্রীয় মন্ত্রী এবং বিজেপি সাংসদ সর্বানন্দ সোনোয়াল রাষ্ট্রপতি মুর্মুর ভাষণকে অসাধারণ বলে অভিহিত করেছেন। তিনি বলেন, রাষ্ট্রপতি মুর্মুর প্রস্তাব দিক নির্দেশকারী। এই প্রস্তাব বিকশিত ভারতের লক্ষ্যে ভবিষ্যতকে অনুপ্রাণিত করবে। 'সবকা সাথ সবকা বিশ্বাস এবং সবকা প্রয়াস' আর শ্লোগান নয়, সরকারের নীতিই হয়ে দাঁড়িয়েছে।

#####Byte-Sarbananda Sonowal#####

The Northeastern Railway :

ভারত সরকার ২০২৬-২৭ বাজেটে অসম এবং উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর জন্য রেকর্ড ১১ হাজার ৪৮৬ কোটি টাকা বরাদ্দ করেছে। ফলে এই অঞ্চলজুড়ে দ্রুত, সুরক্ষা ও ভবিষ্যৎ-উপযোগী রেল সংযোগ ব্যবস্থাকে আরও শক্তিশালী করবে। মণিপুরে রেল প্রকল্পের কাজ পুনরায় শুরু হয়েছে এবং সিকিম, নাগাল্যান্ডেও কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে, যা আঞ্চলিক ও আন্তর্জাতিক সংযোগকে উল্লেখযোগ্যভাবে উন্নত পরিলক্ষিত হচ্ছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের অধীনে সম্প্রসারিত রেল নেটওয়ার্ক উত্তর-পূর্বাঞ্চলে ক্রস-বর্ডার এবং আঞ্চলিক সংযোগ বৃদ্ধির মাধ্যমে ভারত সরকারের ‘অ্যাক্ট ইস্ট পলিসি’কে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

AMC :

আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ থেকে আগরতলা শহরে জবরদখলকারী ব্যবসায়ীদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান শুরু হবে। তবে আগরতলা হাওড়া মার্কেটে উচ্ছেদ অভিযান শুরু হবে আগামী ৮ই ফেব্রুয়ারী থেকে।

TGB :

রাজধানীর প্রজ্ঞাভবনে গতকাল আনুষ্ঠানিকভাবে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের ক্রেডিট কার্ড চালু হল। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'র সহযোগিতায় এই ক্রেডিট কার্ড চালু করা হয়েছে।

PM Surya Ghar Mufta Bijli Yojna :

পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার সুফল সাধারণ মানুষের কাছে আরও নির্ভরযোগ্য ও দীর্ঘস্থায়ীভাবে পৌঁছে দিতে ত্রিপুরা বিদ্যুৎ নিগমের উদ্যোগে দুদিনব্যাপী কর্মশালা গতকাল শেষ হয়েছে। আগরতলায় অনুষ্ঠিত এই কর্মশালায় ৫৬ জন সোলার ভেন্ডার ও বিলিং সুপারভাইজার অংশগ্রহণ করেন। কর্মশালায় প্রশিক্ষণ দেয় জার্মান ভিত্তিক সংস্থা জি.আই.জেড-এর বিশেষজ্ঞগণ।

Sampurnata Abhijan 2.0 :

দ্বিতীয় পর্যায়ের সম্পূর্ণতা অভিযান বিষয়ে গতকাল দামছড়া ব্লক কার্যালয়ে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে দামছড়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে কৃষকের মধ্যে ৮টি পাওয়ার টিলার বিতরণ করা হয়। তাছাড়া একটি স্বসহায়ক দলের হাতে ১০ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

Financial Inclusion :

পশ্চিম জেলা প্রশাসন ও ডিরেক্টরেট অফ ইন্সটিটিউশনাল ফাইন্যান্সের উদ্যোগে "আর্থিক অন্তর্ভুক্তি, প্রধানমন্ত্রীর ক্ল্যাগশিপ স্কিম, সাইবার অপরাধ নিয়ে গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের এজেন্টদের সংবর্ধনা প্রদান করা হয়।

Saras Mela-Khowai :

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এবং গ্রামোন্নয়ন দপ্তরের যৌথ উদ্যোগে খোয়াই সুভাষ পার্ক সংলগ্ন চৈত্রমেলা মাঠে আগামীকাল থেকে ৬ই ফেব্রুয়ারি পর্যন্ত ৩ দিনব্যাপী খোয়াই জেলাভিত্তিক সরস মেলা অনুষ্ঠিত হবে। উদ্বোধক

করবেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। মেলায় বিভিন্ন দপ্তর ও স্ব-সহায়ক দলের মোট ৬০টি প্রদর্শনী স্টল থোলা হবে।

Agri Equipment Distribution :

কৃষিদপ্তর গতকাল দক্ষিণ জেলার রাজনগর ও জোলাইবাড়ি ব্লকের ১৭১ জন কৃষককে ১ কোটি ১৬ লাখ টাকার কৃষি সামগ্রী প্রদান করেছে। বিলোনিয়ার সাড়াসীমায় কৃষি-উপ অধিকর্তার অফিসে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত, দক্ষিণ জেলার কৃষি উপ-অধিকর্তা সুমিত কুমার সাহা প্রমুখ।

Pithe Puli Utsab :

তেলিয়ামুড়া পুরপরিষদ এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলা কেন্দ্র প্রাঙ্গণে দুই দিনব্যাপী শ্রীপঞ্চমী মেলা ও পিঠেপুলি উৎসবের সূচনা হয়েছে। উদ্বোধন করেন বিধানসভার মুখ্য সচিব কল্যাণী সাহা রায়। মোট ১৮টি স্টল মেলায় অংশ নেয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস।
